

# 💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩৩১

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা আবাসা

بَابِ وَمِنْ سُورَة عَبَسَ

## আরবী

حَدَّثَنَا سَعِيدُ بْنُ يَحْيَى بْنِ سَعِيدِ الْأُمَوِيُّ، حَدَّثَنِي أَبِي قَالَ، هَذَا مَا عَرَضْنَا عَلَى هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ أُنْزِلَ: (عبَسَ وَتَوَلَّى) فِي ابْنِ أُمِّ مَكْتُومِ الأَعْمَى أَتَى رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فَجَعَلَ يَقُولُ يَا رَسُولَ اللَّهِ أَرْشِدْنِي وَعِنْدَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم رَجُلٌ مِنْ عُظَمَاءِ الْمُشْرِكِينَ فَجَعَلَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم رَجُلٌ مِنْ عُظَمَاءِ الْمُشْرِكِينَ فَجَعَلَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يُعْرِضُ عَنْهُ وَيُقْبِلُ عَلَى الآخرِ وَيَقُولُ أَتَرَى بِمَا أَقُولُ بَأْسًا فَيُقَالُ لاَ . فَفِي هَذَا أَنْزِلَ . قَفِي هَذَا أَنْزِلَ . قَلْ هِشَامِ بْنِ عُرْيِبٌ . وَرَوَى بَعْضُهُمْ هَذَا الْحَدِيثَ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ قَالَ أَنْزِلً : (عبَسَ وَتَوَلَّى) فِي ابْنِ أُمِّ مَكْتُومٍ . وَلَمْ يَذْكُرْ فِيهِ عَنْ عَائِشَةَ عُرْوَةَ عَنْ أَبِيهِ قَالَ أَنْزِلً : (عبَسَ وَتَوَلَّى) فِي ابْنِ أُمِّ مَكْتُومٍ . وَلَمْ يَذْكُرْ فِيهِ عَنْ عَائِشَةَ عُرْقَةَ عَنْ أَبِيهِ قَالَ أَنْزِلً : (عبَسَ وَتَوَلَّى) فِي ابْنِ أُمِّ مَكْتُومٍ . وَلَمْ يَذْكُرْ فِيهِ عَنْ عَائِشَةَ عَنْ الْبِهِ قَالَ أَنْزِلً : (عبَسَ وَتَوَلَّى) فِي ابْنِ أُمِّ مَكْتُومٍ . وَلَمْ يَذْكُرْ فِيهِ عَنْ عَائِشَةَ

#### বাংলা

৩৩৩১. সাঈদ ইবন ইয়াহইয়া ইবন সাঈদ আল উমাবী (রহঃ) .... আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত তিনি বলেনঃ 'আবাসা' সূরাটি ইবন উম্ম মাকতুম রাদিয়াল্লাহু আনহু প্রসঙ্গে নাযিল হয়েছিল। তিনি একবার রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বলতে লাগলেনঃ ইয়া রাসুলাল্লাহ! আমাকে সত্যপথের সঠিক পথনির্দেশ করুন। তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে কয়েকজন মুশরিক অধিপতি ছিল। তাই তিনি তাকে উপেক্ষা করে অন্য একজনের দিকে মনোযোগী হয়ে লোকটিকে বলেছিলেনঃ আপনি আমার বক্তব্যে দোষের কিছু দেখেছেন কি? লোকটি বলেছিলঃ না। এই ঘটনার প্রেক্ষিতে সূরাটি নাযিল হয়।

হাদীসটি হাসান-গারীব। কোন কোন রাবী এ হাদীসটিকে হিশাম ইবন উরওয়া তার পিতা উরওয়া (রহঃ) সূত্রে বর্ণনা করেছেন যে, তিনি বলেনঃ আবাসা ওয়াতাওয়াল্লা সূরাটি ইবন উম্ম মাকতুমের ঘটনায় নাযিল হয়েছে। এই সনদে আয়িশা রাদিয়াল্লাহু আনহা এর উল্লেখ নেই।

সহীহ, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৩৩১ [আল মাদানী প্রকাশনী]



# **English**

### Aishah narrated:

"He frowned and turned away" was revealed about Ibn Umm Maktum the blind man. He came to the Messenger of Allah saying: 'O Messenger of Allah! Guide me.' At that time, there was a revered man from the idolaters with the Messenger of Allah. So the Messenger of Allah turned away from him and faced the other man, saying: 'Do you think that there is something wrong with what I am saying?' He said: 'No.' So it was about that that it was revealed."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন